

## বসন্ত বিদায়



লেখিকাঃ মন্দিরা রায়  
 পরিচিতিঃ পেশায় বাঙলা ভাষার এই অধ্যাপিকা বাঙলা সাহিত্যের এক নিঃশব্দ সেবিকা।  
 মফঃস্বল বাঙলার চাকদহ থেকে গত প্রায় দুই দশক ধরে নিরবচ্ছিন্ন প্রকাশ করে আসছেন “একালের  
 বোধিসত্ত্ব” কবিতার কাগজ। তাঁর গবেষণার বিষয় বাঙলা নাটক নিয়ে। মন্দিরার লেখা এক শান্ত  
 সমাহিত জীবনদর্শনে আচ্ছন্ন, যদিও এই সময়কার সুখ-অসুখ – ভাল লাগা, ব্যথা – সবই ছুঁয়ে  
 থাকে তাঁর কবিতাকে।

যা ছিল তমিস্রা গান  
 উড়ে গেল সেতুটির পারে  
 সে ও তাহারা আজ  
 দারুণ সন্ধানী দিগ্বিদিকে ওড়ে...

ভ্রমরী বসন্ত ভুলে  
 চলে যায় গ্রীষ্মসকাশে  
 দেখলে বৈরাগী তুমি  
 অন্তরে স্বরস্থান ভাসে

আসলে যার যা কাজ  
 একলা ধ্বস্ত পট মাথা নাড়ে,  
 হাসে...